

যমুনা অভিযুক্তে বেসরকারি শিক্ষকরা, পিটিয়ে ছত্রভঙ্গ করল পুলিশ

অনলাইন ডেক্স

১৫ সেপ্টেম্বর ২০২৫, ১০:৮০ পিএম



জাতীয়করণের দাবিতে বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের আন্দোলনরত শিক্ষকরা যমুনা অভিযুক্তে মিছিল নিয়ে যাওয়ার সময় তাদের পিটিয়ে এবং জলকামান ও সাউড গ্রেনেড ব্যবহার করে ছত্রভঙ্গ করে দিয়েছে পুলিশ। আজ সোমবার বিকেল ৪টার দিকে জাতীয় প্রেসক্লাবের সামনে থেকে প্রধান উপদেষ্টার বাসভবন যমুনা অভিযুক্তে যাত্রা শুরু করেন তারা।

আন্দোলনরতরা প্রেসক্লাব এলাকায় পৌঁছালে পুলিশ তাদের আটকে দেয়। সেখানে তারা বিক্ষেপ শুরু করলে লাঠিপেটা শুরু করে পুলিশ। সেই সঙ্গে পুলিশ সাউড গ্রেনেড ছুড়ে এবং জলকামানের পানি ছিটিয়ে শিক্ষকদের ছত্রভঙ্গ করে দেয়।

বেসরকারি প্রাথমিক শিক্ষকদের নেতা আব্দুর রহিম বলেন, ‘আমরা যমুনা অভিযুক্তে পদযাত্রা নিয়ে যাওয়ার পথে পুলিশ আমাদের বাধা দেয়। এ সময় তারা লাঠিচার্জ ও টিয়ারশেল নিক্ষেপ করে। আমাদের ১০-১২ জন আহত হয়েছেন। শিক্ষকরা ছত্রভঙ্গ হয়ে গেছেন।’

তিনি বলেন, ‘জাতীয়করণ বাস্তিত বেসরকারি প্রাথমিক বিদ্যালয় এক্য পরিষদের ব্যানারে এ কর্মসূচি চলছিল। আমরা জাতীয়করণের তালিকা থেকে বাদপড়া প্রাথমিক বিদ্যালয়গুলো জাতীয়করণ চাই।’

চাকা মহানগর পুলিশের (ডিএমপি) রামনা বিভাগের উপকমিশনার মাসুদ আলম বলেন, ‘রাস্তা অবরোধ করে অবস্থান নেওয়ায় তাদের সরিয়ে দেওয়া হয়েছে।’